সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/০৮                                    ১১ জানুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ CBMS সফটওয়্যারে Onboard হওয়া ও ব্যবহার বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ইস্যুসমূহ নিষ্পত্তিকল্পে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডে ০৬/০১/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনীর স্মারক নং ০৮.০১.০০০০. ৫৬.১৫.০০২.২০১৯/৬১৮, তারিখ: ০৯/০১/২০২৫।

CBMS সফটওয়্যারে Onboard হওয়া ও ব্যবহার বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ইস্যুসমূহ নিষ্পত্তিকল্পে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস:রপ্তানি বন্ড ও আইটি) এর সভাপতিত্বে ০৬/০১/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১১/১/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/ ৬৯৮

তারিখ ঃ ০৭/০১/২০২৫ খ্রিষ্টাব্দ।

## সভার কার্যবিবরণী

**বিষয়ঃ** **০৬/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত CBMS সফটওয়্যার ব্যবহার বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভুত ইস্যুসমূহ নিষ্পত্তিকল্পে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

তারিখ ও সময় : ০৬ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ, সকাল ১১.০০ টা।

সভাপতি : জনাব মো: মোয়াজ্জেম হোসেন
সদস্য (চলতি দায়িত্ব) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সভাকক্ষ (কক্ষ নং-৫০৭)।

বিগত ০৬/০১/২০২৫ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) এর সভাপতিত্বে **CBMS সফটওয়্যার ব্যবহার বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভুত ইস্যুসমূহ নিষ্পত্তিকল্পে** একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প এর প্রকল্প পরিচালক, কমিশনার/প্রতিনিধি, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম, জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), ভেন্ডর প্রতিষ্ঠান এবং অংশীজন সংগঠন/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত)।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি CBMS সফটওয়্যারের আওতায় বন্ড অটোমেশন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদিচ্ছা এবং একই সাথে সকল অংশীজনদের সক্রিয় অংশগ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন। অতঃপর সভায় উপস্থিত সদস্যগণ তাদের নিজ নিজ মতামত এবং Onboarding এর ক্ষেত্রে উদ্ভুত বিভিন্ন ইস্যু এবং তৎপ্রেক্ষিতে করণীয় সম্পর্কে মতামত উপস্থাপন করেন। সার্বিক পরিস্থিতি পর্যালোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | CBMS সফটওয়্যার বাস্তাবায়নে উদ্ভুত ইস্যুসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তিকল্পে স্থাপিত Help Desk এর কার্যক্রম সম্প্রসারিত ও অধিক গতিশীল করে One Stop Solution আকারে সেবা প্রদান করতে হবে। কমিশনার (বন্ড) প্রয়োজনে একাধিক Help Desk স্থাপন করতে পারবেন। উক্ত Help Desk সমূহে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাগণ পূর্ণকালীন উপস্থিত থাকবেন এবং দায়িত্ব সহকারে আগত অংশীজনদের সমস্যা সমাধানে তৎপর থাকবেন। একজন অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার পর্যায়ের কর্মকর্তা Help Desk সমূহের কার্যক্রম তদারকি করবেন। কাস্টমস কর্মকর্তাগণের পাশাপাশি আইটি কর্মকর্তা, ভেন্ডর প্রতিনিধি (টেকনিক্যাল) এবং সংশ্লিষ্ট অংশীজন/এসোসিয়েশন এর মনোনীত প্রতিনিধি Help Desk এ পূর্ণকালীন দায়িত্ব পালন করবেন। | কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম;<br><br>প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প;<br><br>সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প;<br><br>ভেন্ডর প্রতিষ্ঠান (রিভ সিস্টেমস);<br><br>অংশীজন সংগঠন/প্রতিষ্ঠান (সকল) |
| ২ | CBMS সফটওয়্যার বাস্তবায়নে উদ্ভুত সমস্যা/ইস্যুসমূহের বিষয়ে সংশ্লিষ্ট অংশীজন/এসোসিয়েশন হতে যেসব লিখিত প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়েছে, সেগুলো যাচাই করে যথাসম্ভব দ্রুততার সাথে নিষ্পত্তি এবং সফটওয়্যারে অন্তর্ভূক্তির ব্যবস্থা করতে হবে। | |
| ৩ | লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর প্রস্তাবমতে তাঁদের সংগঠনের প্রতিনিধিগণের Onboarding জন্য একটি বিশেষ প্রশিক্ষণ আয়োজন করা হবে। উক্ত এসোসিয়েশন প্রশিক্ষণের আয়োজন, প্রস্তুতি ও ভেন্যু নির্বাচন করে প্রকল্প দপ্তরে অবহিত করলে সে মোতাবেক প্রশিক্ষণ প্রদান করা হবে। | |

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪ | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে প্রতি সপ্তাহে নিয়মিত Zoom সভা আয়োজন করে CBMS সফটওয়্যার বাস্তবায়ন তদারকি করা হবে। এ সংক্রান্ত পরবর্তী সভাগুলোতে শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর (DEDO) এর প্রতিনিধি অর্ন্তভুক্ত করা হবে। | |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মো: মোয়াজ্জেম হোসেন)**
সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। মহাসচিব, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টাস এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭ এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-০১, উত্তরা, ঢাকা।
৯। সভাপতি, বিকেএমইএ, প্রানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
১০। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মালিকদি, ৩য় তলা ইসিবি চত্বর, মিরপুর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
১১। সভাপতি, এলএফএমইএবি, হারার লিংক, ট-৯৪/বি. মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ), বাড়ি নং-৫৭/৫ (২য় তলা, বাম পাশ), রোড ৪/এ, ধানমন্ডি, ঢাকা।
১৩। সভাপতি, বিটিএমএ, লেভেল-৬, ইউটিসি ভবন, পান্থপথ, কাওরান বাজার- ১২১৫।
১৪। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৬ষ্ঠ তলা, সুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, রিভ সিস্টেমস।

নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/ তারিখ ঃ ০৯/০১/২০২৫ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২-৩। অফিস কপি/গার্ড কপি।

(মো: আল আমিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।